

আয-যারিয়াত | Adh-Dhariyat | الذَّارِيَّات

আয়াতঃ ৫১ : ৩৮

আরবি মূল আয়াত:

وَفِي مُوسَىٰ إِذْ أَرْسَلْنَاهُ إِلَىٰ فِرْعَوْنَ بِسُلْطَنٍ مُّبِينٍ ﴿٣٨﴾

অনুবাদসমূহ:

আর মূসার কাহিনীতেও নিদর্শন রয়েছে, যখন আমি তাকে সুস্পষ্ট প্রমাণসহ ফির'আউনের কাছে পাঠিয়েছিলাম। —
আল-বায়ান

আর মূসার ঘটনাতেও (নিদর্শন আছে) যখন আমি তাকে স্পষ্ট প্রমাণসহ ফেরাউনের কাছে পাঠিয়েছিলাম, —
তাইসিরুল

এবং নিদর্শন রেখেছি মূসার বৃত্তান্তে, যখন আমি তাকে প্রমাণসহ ফির'আউনের নিকট প্রেরণ করেছিলাম। —
মুজিবুর রহমান

And in Moses [was a sign], when We sent him to Pharaoh with clear authority. — Sahih International

৩৮. আর নিদর্শন রেখেছি মূসার বৃত্তান্তেও, যখন আমরা তাকে স্পষ্ট প্রমাণসহ ফিরআউনের কাছে পাঠালাম(১),

(১) ফিরআউনকে যখন মূসা আলাইহিস সালাম সত্যের পয়গাম দেন, তখন ফিরআউন মূসা আলাইহিস সালাম-এর দিক থেকে মুখ ফিরিয়ে স্বীয় শক্তি, সেনাবাহিনী ও পারিষদবর্গের উপর ভরসা করে। [দেখুন: কুরতুবী সা'দী]

তাফসীরে জাকারিয়া

(৩৮) আর নিদর্শন রেখেছি মূসার বৃত্তান্তে। যখন আমি তাকে স্পষ্ট প্রমাণসহ ফিরআউনের নিকট প্রেরণ করেছিলাম।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4713>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন